

আহসান মঞ্জিলের
সিন্দুক খোলার
জন্য কমিটি

(ইত্তেফাক রিপোর্ট)
প্রকৌশল ভাসিটির ভাইস
চ্যান্সেলর প্রফেসর এম. এইচ
খানের নেতৃত্বে সরকার কর্তৃক
গঠিত ১১ সদস্যের কমিটি গতকাল
(রবিবার) 'অ-ধ্বংসাত্মক পন্থায়'
আহসান মঞ্জিলের সিন্দুক
খোলার পন্থা লইয়া আলোচনা
করেন। প্রকৌশল ভাসিটিতে
ভাইস চ্যান্সেলরের কক্ষে অনুষ্ঠিত
কমিটির প্রথম বৈঠকে ১১ জন
সদস্যের মধ্যে ৭ জন উপস্থিত
ছিলেন। কমিটি যেকোন সময়
(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

7

(১ম পৃঃ পর)
আহসান মঞ্জিল পরিদর্শনে যাইতে
পারেন।

শনিবারে গঠিত কমিটির
নাম তালিকা ও দায়িত্বের বিব-
রণ গতকাল পূর্বাহ্নে শিক্ষা
মন্ত্রণালয়ের শিক্ষা বিভাগ হইতে
প্রকাশিত হইয়াছে। সাংবাদিক,
পুলিশ, জেলা প্রশাসন ও এ
কমিটিতে অন্তর্ভুক্ত হইয়াছেন।
সংস্কৃতি বিভাগের উপসচিব এ
কে এম আনিসুর রহমান, ইত্তে-
ফাকের নির্বাহী সম্পাদক রাহাত
খান, প্রকৌশল ভাসিটির যথ-
প্রকৌশলের প্রধান ডঃ মুহম্মদ
আবু তাহের আলী, জাতীয়
যাদুঘর মহাপরিচালক ডঃ
এনা মুল হক, জেলা প্রশাসক
মোহাম্মদ নিজামউদ্দিন, ভূমি
প্রশাসন বোর্ডের সচিব আবদুর
রউফ, অতিরিক্ত পুলিশ কমি-
শনার ওয়াহিদুল হক, ঢাকা
বিভাগের অতিরিক্ত কমিশনার
এম এ বারী, ঢাকা নবাব কোর্ট
অব ওয়ার্ডসের চীফ ম্যানে-
জার মোহাম্মদ আফতাব উদ্দিন,
জেলা প্রশাসন মনোনীত একজন
প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এ কমি-
টিতে থাকিবেন।

কমিটির ৫ দফা দায়িত্ব তালি-
কার বলা হইয়াছে (ক) কমিটি
আহসান মঞ্জিলে প্রাপ্ত সিন্দুকটির
লকারসমূহ অবিলম্বে খোলার
ব্যবস্থা করিবে। (খ) লকার-
সমূহে কোন বস্তু পাওয়া
গেলে সদস্য ম্যাজিস্ট্রেটের দ্বারা
উহার তালিকা প্রস্তুত করা
হইবে। (গ) তালিকাসহ বস্তু
ও বস্তুসমূহ নিরাপদে সংরক্ষণের
ব্যবস্থা করিতে হইবে। (ঘ)
লকারসমূহে কোন বস্তু পাওয়া
গেলে তাহা সংগ্রহের পর
লকারসমূহ পুনরায় সীল করার
(বন্ধ করিয়া দেওয়ার) ব্যবস্থা
করিতে হইবে। (ঙ) কমিটির
কাজ সম্পাদনের পর সরকারের

আহসান মঞ্জিল

নিকট একটি প্রতিবেদন পেশ
করিতে হইবে।

আগের কোন দায়িত্ব
এ কমিটির নাই

গতকাল প্রথম সভায় কমিটি
ব্যাখ্যাত্মক কাজ শুরু করার সংকল্প
গ্রহণ করে। আলোচনায় সুস্পষ্ট-
ভাবে স্থির হয় যে, আহসান
মঞ্জিলের তোষাখানা ভূমি প্রশা-
সন বোর্ড-পূর্তিবিভাগ-যাদুঘর
প্রতিনিধিরা যেভাবে ভাঙ্গিয়াছেন,
সিন্দুকের কপাট খুলিয়াছেন,
১৪ নম্বর দেওয়াল ভাঙ্গিয়াছেন
এবং তোষাখানার জিনিসপত্র
তালিকাভুক্ত করিয়া বা না করিয়া
অগ্রহণ স্থানান্তর করিয়াছেন—
উহার কোন ব্যাপারেই এই
কমিটির কোন দায়িত্ব নাই।

কমিটি তোষাখানায় এখন
সিন্দুক যে অবস্থায় আছে, সে
অবস্থা হইতে দায়িত্ব লইয়া কাজ
শুরু করিবে। গতকালের বৈঠকের
সময় পুলিশ বিভাগীয় প্রতিনিধির
উপস্থিতির প্রয়োজন দেখা দেয়।

বৈঠক শেষে কমিটি চেয়ার-
ম্যান প্রফেসর এম এইচ খান
জানান, আমরা বিশদ আলো-
চনা করিয়াছি। সিন্দুক খোলার
জয় কী কী বন্দোবস্ত করা যায়,
তাহাই ছিল আলোচনার মূল
দিক। তিনি বলেন, কী কী
বন্দোবস্ত গ্রহণ করিলে সম্পূর্ণ নন-
ডেসট্রাক্টিভ পন্থায় সিন্দুকের
দেওয়ালগুলি খোলা যাইবে তাহা
সাব্যস্ত করার জয় আরও আলাপ
হইবে এবং সুনির্দিষ্ট সিদ্ধান্ত বা
তথ্য থাকিলেই তাহা জনসাধারণের
প্রচার করা হইবে।

গতকালের খুবই অনুসন্ধানী
ও পদ্ধতি উদ্ভাবনমূলক আলো-
চনার পর্যায়ে বাংলাদেশ ব্যাঙ্কের
চট্টগ্রাম শাখার ভণ্ট খোলার
ক্ষেত্রে প্রকৌশল ভাসিটির অভি-

জ্ঞতার বিষয়টি গুরুত্ব লাভ করে।
এদিকে বাংলাদেশ ব্যাঙ্ক কর্তৃ-
পক্ষের সূত্রে জানা গিয়াছে,
চট্টগ্রামে বাংলাদেশ ব্যাঙ্ক শাখার
সিন্দুকটির যান্ত্রিক সমস্যা নিরসনে
প্রকৌশল ভাসিটির সহায়তা
গ্রহণ ছিল সামান্য ব্যাপার।

আনসার কর্তৃপক্ষের ভাষ্য
আনসার কর্তৃপক্ষ জানাই-
য়াছেন, বিগত ৯ মাস যাবৎ
তাহারা আহসান মঞ্জিলে নিরা-
পত্তা ও প্রহরার দায়িত্ব পালন
করিতেছেন। তাহাদের দায়িত্ব
পালন বিষয়ে সংশয় ও সন্দেহের
কোন অবকাশ নাই। কর্তৃ-
পক্ষের নির্দেশেই আনসারগণ
আহসান মঞ্জিল হইতে লোকজন
সরাইয়া রাখিয়াছে।

আলোচনাসভা

এদিকে দেশের একমাত্র
নদীর ঘাট-ঘেঁষা সুরম্য পুরী
আহসান মঞ্জিলের গত কয়েক-
দিনের ঘটনাপ্রবাহে সংবাদপত্রের
সাথে কর্তৃপক্ষের দ্বন্দ্ব-সংঘাতকে
সাংবাদিক গিয়াসকামাল চৌধুরী
অবিলম্বে নিরসন করিবার আশ্বাস
জানাইয়াছেন। বিশ্ব যাদুঘর
দিবসের আলোচনা সভায় তিনি
উক্ত অবস্থাকে 'জাতীয় মন-
মানসের জয় সুখকর নয়' বলিয়া
মন্তব্য করেন। তিনি জানার ও
জানানোর অধিকার নিশ্চিত
করার জয় তথ্যমন্ত্রীর উত্তোঙ্গ
প্রত্যাশা করেন।